

৭ আগস্ট ২০২১

প্রেস রিলিজ

সরকারের করোনা টিকাদান কার্যক্রমে সহযোগী হলো ব্র্যাক

ঢাকায় ৯টি এবং সারাদেশে ইউনিয়ন পর্যায়ে ৩২১৪ টি কেন্দ্রে সহায়তা দেবে ব্র্যাক কর্মীরা

বাংলাদেশ সরকারের করোনা টিকাদান কর্মসূচিতে যোগ দিয়েছে বেসরকারি উন্নয়ন সংস্থা ব্র্যাক। ব্র্যাক বিশ্ববিদ্যালয়ের অধীনে জেমস পি গ্র্যান্ট স্কুল অব পাবলিক হেলথ এর মিডওয়াইফদের সহায়তায় আজ শনিবার (৭ আগস্ট) থেকে ঢাকা সিটি কর্পোরেশন এলাকায় ৯টি টিকাদান কেন্দ্র ব্যবস্থাপনা করছে ব্র্যাক। এছাড়াও, সারাদেশে ইউনিয়ন পর্যায়ে ৩হাজার ২১৪টি টিকাদান কেন্দ্রে সহায়তা প্রদান করছে ব্র্যাক কর্মীরা।

বাংলাদেশ সরকারের করোনা টিকাদান কার্যক্রমকে আরো ত্বরান্বিত করতে ঢাকার দুই সিটি কর্পোরেশনকে সহায়তার অংশ হিসেবে আজ থেকে এই কর্মসূচিতে যোগ দিল সংস্থাটি।

২৫ বছর ও তারচেয়ে বেশি বয়সী জাতীয় পরিচয়পত্রধারী ব্যক্তিদের প্রতিদিন সকাল ৯টা থেকে বিকাল ৩টা পর্যন্ত এই কেন্দ্রগুলো থেকে টিকা দেওয়া হচ্ছে। আগামি ১২ আগস্ট পর্যন্ত এই সেবা চলমান থাকবে। তবে এই সেবা গ্রহণে ইচ্ছুক ব্যক্তিকে অবশ্যই জাতীয় পরিচয়পত্রের ফটোকপি অথবা সুরক্ষা অ্যাপে নিবন্ধিত মোবাইল নাম্বারটি সঙ্গে করে নিয়ে আসতে হবে।

এই কেন্দ্রগুলোতে বাংলাদেশ সরকারের সিদ্ধান্ত অনুযায়ী সুরক্ষা অ্যাপের মাধ্যমে (Surokkha App) যারা পূর্বে রেজিস্ট্রেশন করেছেন কিন্তু কোভিড-১৯ এর টিকা গ্রহণ সংক্রান্ত ম্যাসেজ পাননি তারা টিকা গ্রহণ করতে পারবেন। ঢাকায় অবস্থিত ব্র্যাকের ৯টি কেন্দ্রের প্রতিটি কেন্দ্র দিনে ৩৫০টি করে করোনার টিকা প্রদানে সক্ষম।

অগ্রাধিকার ভিত্তিতে নারী, পঞ্চাশোর্ধ বয়স্ক নারী-পুরুষ, এবং শারীরিক/মানসিক প্রতিবন্ধী ব্যক্তির করোনার টিকা পাবেন। এই কেন্দ্রগুলোতে প্রথম ডোজের টিকা দেওয়া হচ্ছে এবং টিকা কার্ডে পরবর্তী ডোজ টিকা দেওয়ার তারিখ লিখে দেওয়া হবে।

এবিষয়ে ব্র্যাকের স্বাস্থ্য, পুষ্টি ও জনসংখ্যা কর্মসূচির পরিচালক মোর্শেদা চৌধুরী বলেন, “বৈশ্বিক মহামারির শুরু থেকেই করোনা প্রতিরোধে কাজ করছে ব্র্যাক। তারই ধারাবাহিকতায় সরকারের নেওয়া টিকাদান কার্যক্রমকে আরো ত্বরান্বিত করতে কাজ শুরু করেছি আমরা। দেশের প্রত্যন্ত অঞ্চল থেকে শুরু করে সর্বত্র সুশৃঙ্খলভাবে টিকাদান প্রক্রিয়া পরিচালনাই আমাদের মূল লক্ষ্য। আমরা বিশ্বাস করি, সবার সম্মিলিত চেষ্টাই পারে করোনাকে রুখে দিতে।”

ঢাকায় উত্তর সিটি কর্পোরেশনের অধীনে বাড্ডার নুরের চালা সরকারি স্কুল ও শহীদ তুর্ক প্রাথমিক বিদ্যালয় এবং দক্ষিণ সিটি কর্পোরেশনের অধীনে পল্টন কমিউনিটি সেন্টারে অবস্থিত কাউন্সিলর অফিস, ধানমণ্ডি রোড ৮/এ-তে ডিঙ্গি, ধানমন্ডি সার্কুলার রোডের ভূতের গলিতে ধানমন্ডি কমিউনিটি সেন্টারে অবস্থিত কাউন্সিলর অফিস, হাতিরপুল কাঁচাবাজার কাউন্সিলর অফিস (১৫৮/১, এলিফ্যান্ট রোড), সেগুনবাগিচা মাল্টিপারপাস কমপ্লেক্সে কাউন্সিলর অফিস, নারিন্দায় ফকির চাঁন সরদার কমিউনিটি সেন্টার এবং ডেমরায় এম এ সান্তার হাই স্কুলে এই টিকাদান কর্মসূচি পরিচালনা করা হচ্ছে।

শুভেচ্ছাসহ

রাফে সাদনান আদেল

হেড অব মিডিয়া অ্যান্ড এক্সটারনাল রিলেশনস্, কমিউনিকেশন, ব্র্যাক

মোবাইল- 01753091249 | ইমেইল- rafe.sa@brac.net

BRAC

BRAC Centre
75 Mohakhali
Dhaka 1212
Bangladesh

T: +88 02 9881265
F: +88 02 8823542
E: info@brac.net
W: www.brac.net

Registered in
Bangladesh under
The Societies
Registration Act of 1860